বলিভিয়া ও পেরুর বিপক্ষে ব্রাজিলের ২৩ সদস্যের দল ঘোষণা

নেইমার-কৌতিনহোকে দলে রেখে বলিভিয়া ও পেরুর বিপক্ষে বিশ্বকাপ বাছাইয়ের ম্যাচের জন্য ২৩ সদস্যের দল ঘোষণা করেছে ব্রাজিল। দলে ফিরেছেন গোলরক্ষক আলিসন।

কোচ তিতের দলে জায়গা করে নিয়েছেন রিয়ালের শিরোপা জয়ের মিশনে আলো ছড়ানো ফরোয়ার্ড রদ্রিগো। আছেন কাসেমিরো, গাব্রিয়েল জেসুস, রবের্তো ফিরমিনো, রিশার্লিসনরা। আগামী ৮ অক্টোবর ঘরের মাঠে বলিভিয়াকে আতিথ্য দেবে ব্রাজিল। এর পাঁচ দিন পর পেরুর আতিথ্য নেবে ব্রাজিল।

গত মার্চে হওয়ার কথা থাকলেও করোনাভাইরাসের প্রাদুর্ভাবে দুই দফা স্থগিত হয় সূচি। অবশেষে গত বৃহস্পতিবার ফিফার পক্ষ থেকে জানানো হয়, পরিবর্তীত পরিকল্পনা অনুযায়ী অক্টোবরে মাঠে গড়াবে দক্ষিণ আমেরিকা অঞ্চলের বিশ্বকাপ বাছাইপর্ব। এর পরদিনই দল ঘোষণা করল ব্রাজিল।
বিডি প্রতিদিন

আর্জেন্টিনা নাকি বার্সেলোনা, সিদ্ধান্ত নিতে হবে মেসিকেই

দলবদল নিয়ে নানা টানাপোড়েনের পর বার্সালোনাতেই থেকে যান বিশ্ব ফুটবলের অন্যতম মহাতারকা লিওনেল মেসি। বার্সায় ফিরেই একটি প্রীতি ম্যাচে জোড়া গোল করে নিজের জাদু দেখান মেসি।

তবে এবার পড়েছেন অন্য জটিলতায়। জাতীয় দল ও ক্লাব বার্সেলোনার ম্যাচের শিডিউল নিয়ে।

নিষেধাজ্ঞা থেকে মুক্তি পাওয়া লিওনেল মেসিকে নিয়ে কাতার বিশ্বকাপের বাছাইপর্বের দল ঘোষণা করেছে আর্জেন্টিনা। অক্টোবরে ইকুয়েডর ও বলিভিয়ার মুখোমুখি হবে আলবিসেলেস্তেরা। একই সময়ে ছয়বারের ব্যালন ডি’অর জয়ীর ক্লাব বার্সেলোনারও ম্যাচ চলবে। তাই মেসিকেই বেছে নিতে হবে কোন জার্সিতে খেলবেন তিনি- আর্জেন্টিনার নাকি বার্সেলোনার?

আগামী ৮ অক্টোবর ইকুয়েডরের বিপক্ষে আর্জেন্টিনার প্রথম ম্যাচ। পাঁচ দিন পর বলিভিয়ার মুখোমুখি লড়বে তারা। মেসি যদি জাতীয় দলের হয়ে খেলতে দেশে যান, তাহলে বার্সেলোনায় ফিরে কোয়ারেন্টাইনে থাকতে হবে। এজন্য আর্জেন্টাইন ফরোয়ার্ড লা লিগায় খেলতে পারবেন না আলাভেস ও গেতাফের বিপক্ষে, এমনকি রিয়াল মাদ্রিদের ম্যাচেও। কারণ ক্লাসিকোর (২৫ অক্টোবর) ১২ দিন আগে বলিভিয়ার ম্যাচ। কিন্তু কোয়ারেন্টাইন দুই সপ্তাহের।

মেসি কী করবেন তা এখনও অজানা। তবে বার্সেলোনা এ নিয়ে ফিফার কাছে তাদের উদ্বেগ প্রকাশ করেছে। অন্য ইউরোপিয়ান ক্লাবগুলোরও একই অবস্থা। একটা সমাধানে পৌঁছাতে ফিফার সঙ্গে দক্ষিণ আমেরিকান ফুটবল সংস্থা কনমেবল বৈঠকের কথা ভাবছে।

প্রাথমিক সূচি অনুযায়ী বাছাইয়ের এই দুটি ম্যাচ হওয়ার কথা ছিল গত মার্চে। তবে করোনাভাইরাসের কারণে দুই দফায় সূচি স্থগিত হয়। গত বৃহস্পতিবার ফিফা জানায়, পরিবর্তীত পরিকল্পনা অনুযায়ী অক্টোবরে মাঠে গড়াবে দক্ষিণ আমেরিকার বিশ্বকাপ বাছাইপর্ব। এরপরই দল ঘোষণা করল আর্জেন্টিনা।

লিওনেল স্কালোনির এই ৩০ জনের দলে জায়গা হয়নি আনহেল দি মারিয়া ও সের্হিয়ো আগুয়েরোর। পিএসজির হয়ে দারুণ ফর্মে থাকলেও বাদ পড়েছেন ডি মারিয়া। আর অস্ত্রোপচারের পর এখনও অনুশীলনেই যোগ দিতে পারেননি আগুয়েরো, তাই তার দলে জায়গা না পাওয়া স্বাভাবিক।

সূত্র- বিডি প্রতিদিন

বার্সেলোনার বিরদ্ধে মামলা করতে যাচ্ছেন সেতিয়েন

এবার বার্সেলোনার বিরুদ্ধে মামলা করার প্রস্তুতি নিচ্ছেন ক্লাবটির সাবেক কোচ কিকে সেতিয়েন। কাতালান ক্লাবটির বিরুদ্ধে চুক্তিকে অসম্মান করার অভিযোগ তুলেছেন তিনি । আর এ কারণেই তিনি আইনের আশ্রয় নিতে যাচ্ছেন। খবর ইএসপিএন সকারের।

এক মাস আগে উয়েফা চ্যাম্পিয়নস লিগের কোয়ার্টার ফাইনাল ম্যাচে বায়ার্ন মিউনিখের বিরুদ্ধে ৮-২ গোলে হেরে যায় বার্সেলোনা। এরপর বরখাস্ত করা হয় সেতিয়েনকে।

অবশ্য বার্সেলোনার সঙ্গে তার চুক্তির মেয়াদ ছিল ২০২২ সালের জুন পর্যন্ত। কিন্তু এই চুক্তিতে একটি ক্লজও ছিল। সেই ক্লজ অনুযায়ী তাকে সরিয়ে দেওয়া হয়েছে। তবে এরপর তার সঙ্গে আর্থিক বিষয় নিয়ে আর কোনও যোগাযোগ করেনি বার্সা।

তাই তো তার পাওনা টাকা ও অন্যান্য আনুসঙ্গিক সুবিধাদি আদায়ের লক্ষ্যে তিনি তার আইনজীবীর সঙ্গে সাক্ষাৎ করতে যাচ্ছেন।

সেতিয়েন বরখাস্ত হওয়ার পর বার্সেলোনা কোচ হিসেবে নিয়োগ দেয় নেদারল্যান্ডসের কোচ রোনাল্ড কোম্যানকে।

দুই ম্যাচের জন্য নিষিদ্ধ হলেন নেইমার

মারামারিতে জড়িয়ে দুই ম্যাচের জন্য নিষিদ্ধ হলেন পিএসজি’র ব্রাজিলিয়ান তারকা নেইমার।

ফরাসি লিগে মার্শেইয়ের বিপক্ষে ম্যাচ চলাকালীন বিবাদে জড়ানোয় এ শাস্তি পেতে হল নেইমারকে। সে ম্যাচে মার্শেইয়ের ডিফেন্ডার আলভারো গঞ্জালেজের সঙ্গে কথা কাটাকাটির এক পর্যায়ে চড় মেরে বসেন

তিনি।

সে সময় রেফারির লাল কার্ড দেখে মাঠ ছাড়তে হয় তাকে। ম্যাচ শেষে সামাজিক যোগাযোগ মাধ্যমে গঞ্জালেজের বিরুদ্ধে বর্ণবাদী আচরণের অভিযোগ তোলেন নেইমার। পরে গঞ্জালেজ ওই অভিযোগ অস্বীকার করলেও বিষয়টি নিয়ে তদন্তে নেমেছে ফ্রেঞ্চ ফুটবল অ্যাসোসিয়েশন।

তবে ম্যাচ চলাকালীন অসদাচরণের দায়ে শাস্তি এড়াতে পারেননি নেইমার। মেৎজের বিপক্ষে ম্যাচে মাঠের বাইরে থাকতে হয়েছে তাকে। আগামী রবিবার নিসের বিপক্ষে ম্যাচেও খেলতে পারবেন না এই ব্রাজিলিয়ান তারকা।

মেসির জোড়া গোলে বার্সার জয়

প্রত্যাশিত জয়ে নতুন মৌসুমের প্রস্তুতি সারলো বার্সেলোনা। লিওনেল মেসির জোড়া গোলে প্রীতি ম্যাচে জিরোনাকে ৩-১ ব্যবধানে হারিয়েছে বার্সা।

নতুন মৌসুম শুরুর আগে দল নিয়ে সমর্থকদের দুশ্চিন্তা ছিল চরমে। তবে, প্রীতি ম্যাচের পারফরম্যান্সে কিছুটা আশা ফিরে পাচ্ছে কাতালানরা। দলবদল নিয়ে নানা নাটকীয়তার পর গেল সপ্তাহে জিমন্যাস্টিকের বিপক্ষে ম্যাচ দিয়ে আবারও মাঠে ফেরেন লিওনেল মেসি। যদিও সে ম্যাচে স্বরূপে দেখা যায়নি আর্জেন্টাইন তারকাকে।

তবে, এদিন জিরোনার বিপক্ষে শুরু থেকেই চেনা ছন্দে এল.এম.টেন। বারবার প্রতিপক্ষের ডি-বক্সে হানা দিতে থাকে মেসির দল। ২১ মিনিটে কাতালানদের লিড এনে দেন ফিলিপে কৌতিনিয়ো। প্রথমার্ধের যোগ হওয়া সময়ে দারুণ এক গোল করে ব্যবধান বাড়ান মেসি। নতুন কোচ রোনাল্ড কোম্যানের অধীনে এটি তার প্রথম গোল। দ্বিতীয়ার্ধের শুরুতে এক গোল শোধ করে জিরোনা।

তবে, কিছুক্ষণ পরই আবারও লাইম লাইটে মেসি। ৫১ মিনিটে করেন নিজের দ্বিতীয় গোল। আগামী শনিবার (১৯ সেপ্টেম্বর) জোয়ান গ্যাম্পার ট্রফির ফাইনালে এলচের মুখোমুখি হবে বার্সেলোনা। ২৭ সেপ্টেম্বর

ভিয়ারিয়ালের বিপক্ষে ম্যাচ দিয়ে শুরু হবে কাতালানদের লা লিগা মিশন।

বার্সা কোচের ‘হুমকি’! পাত্তা দিচ্ছেন না মেসি

ফুটবল মহলের ধারণা-নিজের ইচ্ছের বিরুদ্ধে গিয়ে শেষমেশ বার্সেলোনায় থেকে গিয়েছেন আর্জেন্টাইন সুপার স্টার লিওনেল মেসি। অনেকে এও বলছেন, শরীরটাই যা মেসির রয়েছে বার্সায়, না হলে হৃদয়টা অন্য কোথাও। না হলে নতুন মৌসুমের জন্য বার্সেলোনার সঙ্গে চুক্তিবদ্ধ হয়েও সভাপতি জোসেফ মারিয়া বার্তিমিউর বিপক্ষে কথা বলছেন কী করে মেসি?

মেসি সম্প্রতি বলেছেন, ‘‘আমাকে বার্সা সভাপতি বলেছিলেন এবার আমি নিজের সিদ্ধান্ত অনুযায়ী ক্লাব ছাড়ার বিষয়ে সিদ্ধান্ত নিতে পারব, কিন্তু তিনি সেই কথা রাখেননি। আমিও চাইনি আমার এতদিনের ক্লাবকে আদালতে টেনে নিয়ে যেতে।’

এতেই বোঝা যাচ্ছে প্রায় জোর করেই তিনি থেকে গেলেন পুরনো ক্লাবে। কারণ মেসিকে ক্লাব ছাড়তে হলে বার্সেলোনাকে দিতে হতো ৭০০ মিলিয়ন ইউরো।

মেসি বার্সায় থেকে যাওয়ায় খুশি কোচ রোনাল্ড কোম্যান। তার প্রথমদিনের অনুশীলনে ছিলেন না মেসি। সেই সময় তিনি নিজেও সিদ্ধান্ত নিতে পারেননি এ মৌসুমে থাকবেন কিনা স্প্যানিশ এই ক্লাবটিতে। যদিও বার্সা কোচ মিডিয়াকে যা বলেছেন, তাতে উচ্ছ্বাসে ভেসে যাওয়ার কোনও বিষয় নেই। বরং এই অভিজ্ঞ কোচ মেসিকে প্রচ্ছন্ন হুমকি দিয়ে রেখেছেন এই বলে যে, ‘দলের জন্য যে ফুটবলার নিজেকে উজার করে দেবে, তাকে রেখেই দল সাজাবেন তিনি। এই কথার অর্থ কী, সেটি বেশ ভালই বোঝা গিয়েছে।

স্প্যানিশ সংবাদপত্র ‘মুন্দো ডিপর্তিভো’র লিখেছে, মেসিকে পেয়ে যে খুশি হয়েছেন সেটি জানিয়ে দিতে ভোলেননি বার্সার নয়া কোচ।

সেইসঙ্গে কৌশলে যোগ করে দিয়েছেন, ক্লাবে শুধু প্রতিজ্ঞাবদ্ধ খেলোয়াড়দেরই দরকার। কোম্যানের কথায় তেমন প্রতিক্রিয়া দেখাননি মেসি।

তিনি শুধু জানিয়ে রেখেছেন, আমি পেশাদার, তাই চলতি মৌসুমেও নিজের সবটুকু ঢেলে দিতে দৃঢ়প্রতিজ্ঞ ও প্রতিশ্রুতিবদ্ধ।

সূত্র- বিডি-প্রতিদিন

আন্তর্জাতিক ফুটবলে রোনালদোর গোলের সেঞ্চুরি

আন্তর্জাতিক ফুটবলে গোলের সেঞ্চুরি করে ইতিহাসের দ্বিতীয় ফুটবলার হিসেবে নাম লেখালেন ক্রিশ্চিয়ানো রোনালদো। মঙ্গলবার সুইডেনের বিপক্ষে গোল করে মাইলফলক পূরণ করলেন পর্তুগাল অধিনায়ক। দৃষ্টিনন্দন এক ফ্রি-কিকের মধ্য দিয়ে রোনালদো তার শততম গোল পূরণ করলেন।

রোনালদো এই রেকর্ড গড়তে পারতেন ৬ সেপ্টেম্বরেই। কিন্তু সেদিন উয়েফা নেশনস লিগে ক্রোয়েশিয়ার বিপক্ষে খেলতে নামেননি। পায়ে আঘাত থাকার কারণে দর্শক হয়ে খেলা দেখতে হয়েছিলো ৩৫ বছর বয়সী এ ফুটবলারকে।

১০৯ গোল করে ইতিহাসের প্রথম ফুটবলার হিসেবে আন্তর্জাতিক গোলের সেঞ্চুরি করেছিলেন ইরানের আলি দাইয়ি। সে হিসেবে রোনালদোর অবস্থান দ্বিতীয় হলেও ইউরোপিয়ানদের মধ্যে তার অবস্থান রয়েছে প্রথমে।

সূত্র- বিডি প্রতিদিন

করোনায় আক্রান্ত এমবাপে

প্রাণঘাতী করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ফ্রান্স ও প্যারিস সেইন্ট জার্মেইর (পিএসজি) স্ট্রাইকার কিলিয়ান এমবাপে। সোমবার তিনি করোনা পজিটিভ হন। সঙ্গে সঙ্গে তাকে ফ্রান্সের দল থেকে বাদ দেওয়া হয়। যদিও তিনি সুস্থ আছেন এবং করোনার কোনও লক্ষণ নেই। খবর ডেইলি মিররের।

মঙ্গলবার উয়েফা নেশন্স লিগের গ্রুপ পর্বের ম্যাচে ক্রোয়েশিয়ার মুখোমুখি হবে ফ্রান্স। দেশটির ফুটবল ফেডারেশন জানিয়েছে এই ম্যাচে খেলা হচ্ছে না এমবাপের।

অবশ্য সুইডেনের বিপক্ষের ম্যাচের পর থেকেই এমবাপে আইসোলেশনে ছিলেন, অনুশীলনে যোগ দেননি। করোনা পজিটিভ হওয়ার পর সন্ধ্যায় তিনি বাসায় ফিরে যান।

শনিবার উয়েফা নেশন্স লিগে সুইডেনের বিপক্ষে দারুণ একটি গোল করেছিলেন এমবাপে, যা ছিল জাতীয় দলের হয়ে তার ১৪তম গোল। নেশন্স লিগে মাঠে নামার আগে ফ্রান্সের সব খেলোয়াড়ের করোনা টেস্ট করানো হয়েছিল। সেই পরীক্ষায় নেগেটিভ হয়েই তিনি অনুশীলনে যোগ দিয়েছিলেন। এমনকি সুইডেনের বিপক্ষের ম্যাচের আগে বুধবার যে টেস্ট করানো হয়েছিল সেখানেও নেগেটিভ হয়েছিলেন তিনি।

কিন্তু সোমবারের পরীক্ষায় তিনি পজিটিভ হন। পিএসজির সপ্তম খেলোয়াড় হিসেবে করোনা আক্রান্ত হলেন এমবাপে। তার আগে নেইমার দ্য সিলভা, অ্যাঙ্গেল ডি মারিয়া, মাউরো ইকার্দি, লিয়ান্দ্রো পারদেস, কেইলর নাভাস ও মার্কুইনহোস করোনা আক্রান্ত হয়েছেন।

সূত্র- বিডি প্রতিদিন

সব জল্পনার অবসান,

বার্সেলোনার অনুশীলনে ফিরলেন মেসি

গত সোমবার থেকে শুরু হয়েছিল বার্সেলোনার প্রাক মৌসুম প্রস্তুতি। কিন্তু ক্লাবের বিরুদ্ধে একপ্রকার যুদ্ধ ঘোষণা করে গত সপ্তাহের শুরুতে প্রাক মৌসুম প্রস্তুতিতে হাজির থাকেননি লিওনেল মেসি। ঘটনায় আর্জেন্টাইনের ক্লাব ছাড়ার বিষয়টি আরও জোরালো হয়। মেসি অনুশীলনে না আসায় জোয়ান গাম্পার ট্রেনিং গ্রাউন্ডের বাইরে মেসির জন্য অপেক্ষারত এক খুদে সমর্থকের কান্নায় ভেঙে পড়ার দৃশ্য ভাইরাল হয়েছিল ইন্টারনেটে।

কিন্তু এক সপ্তাহ পর বদলালো চিত্রটা। গত শুক্রবার গ্লোবাল ক্রীড়া ওয়েবসাইট গোল ডট কমকে দেওয়া এক সাক্ষাৎকারে ক্লাব ছাড়ার জল্পনা উড়িয়ে দিয়ে বার্সেলোনায় থেকে যাওয়ার সিদ্ধান্তের কথা জানিয়েছিলেন আর্জেন্টাইন ফুটবল মায়েস্ত্রো। এরপর থেকেই জল্পনা চলছিল কবে তিনি অনুশীলনে যোগ দেবেন। সোমবার সেই অপেক্ষার অবসান ঘটিয়ে নয়া কোচ রোনাল্ড কোম্যানের প্রশিক্ষণে প্রথমবার অনুশীলনে হাজির হলেন লিওনেল মেসি।

গতকালই অনুশীলনে হাজির হওয়ার জন্য প্রয়োজনীয় কোভিড পরীক্ষা দিয়েছিলেন মেসি। এরপর এদিন ক্লাবের সান্ধ্যকালীন সেশনে যোগ দিতে জোয়ান গাম্পার ট্রেনিং গ্রাউন্ডে প্রবেশ করতে দেখা যায় আর্জেন্টাইনকে। দীর্ঘ দু’সপ্তাহের টালবাহানার পর এদিন জোয়ান গাম্পার ট্রেনিং গ্রাউন্ডের বাইরে মেসিকে স্বাগত জানানোর জন্য ভিড় জমিয়েছিলেন কিছু অত্যুৎসাহী সমর্থক। ছিল সংবাদমাধ্যমের ভিড়। দলের অন্যান্য সতীর্থদের অনেক আগেই নিজের গাড়িতে অনুশীলন কেন্দ্রে প্রবেশ করেন লিও।

গত শুক্রবার গোলকে দেওয়া একান্ত সাক্ষাৎকারে মেসি বার্সেলোনায় আরও একবছর থেকে যাওয়ার কথা জানিয়ে দিয়েছিলেন। অন্ততপক্ষে আরও একবছরের জন্য বার্সেলোনার জার্সি গায়েই চ্যাম্পিয়ন্স লিগের মতো সর্বোচ্চ পর্যায়ের প্রতিযোগীতায় নামবেন বলে জানিয়েছিলেন তিনি। মেসি গোলকে বলেন, ‘ভেবেছিলাম মৌসুম শেষে আমি অন্য ক্লাবে যাওয়ার জন্য ফ্রি। প্রেসিডেন্ট আমাকে সবসময় বলে এসেছিলেন মৌসুম শেষে আমি যে কোনও সিদ্ধান্ত গ্রহণ করতে পারি। কিন্তু মৌসুম শেষে তারাই জানায় ১০ জুনের আগে আমার এই সিদ্ধান্তের কথা ক্লাবকে

জানিয়ে দেওয়া উচিৎ ছিল।’
রিলিজ ক্লজের ব্যাপারে ক্লাবের সঙ্গে তার মতানৈক্যের ব্যাপারটাকে আদালত অবধি চাইলেই নিয়ে যেতে পারতেন মেসি। কিন্তু সেটা তিনি করতে চাননি বলেই সাক্ষাৎকারে জানিয়েছেন ব্লগ্রানা ক্লাবের হয়ে রেকর্ড ৬৩৪ গোলের মালিক। মেসির কথায়, ‘আমি বার্সেলোনার বিরুদ্ধে কখনোই আদালতে যেতে চাইনি কারণ ক্লাবকে আমি ভালোবাসি। এখানে আসার পর এই ক্লাব আমায় সবকিছু দিয়েছে। আমি এখানে আমার জীবন তৈরি করেছি। বার্সা যেমন আমায় সব দিয়েছে তেমনই আমিও বার্সাকে সব উজাড় করে দিয়েছি।’

সূত্র : কলকাতা টোয়েন্টিফোর।

রামোস-ফাতির রেকর্ডময় রাতে বিধ্বস্ত ইউক্রেন

উয়েফা ন্যাশনস লিগের গ্রুপ পর্বের ম্যাচে আনসু ফাতি ও সার্জিও রামোসের দুর্দান্ত পারফরম্যান্সে ভর করে ইউক্রেনকে ৪-০ গোলে হারিয়েছে স্পেন।

রবিবার দিবাগত রাতে মাদ্রিদের এস্তাদিয়ো আলফ্রেদো দি স্তেফানোয় বার্সেলোনার ‘ওয়ান্ডার কিড’ ৯৫ বছর পুরনো রেকর্ড ভেঙেছেন। অন্যদিকে রেকর্ড বইয়ে নাম লেখিয়েছেন স্পেন অধিনায়কও।

স্পেনের প্রথম গোলটি আসে রামোসের পা থেকে। পেনাল্টি থেকে লক্ষ্যভেদ করেন তিনি। পরে হেড থেকেও একটি গোল করেন এই রিয়াল মাদ্রিদ ডিফেন্ডার। তবে ম্যাচের সব আলো কেড়ে নিয়েছেন ফাতি। ইউক্রেনের বিপক্ষে মাত্র ১৭ বছর ৩১১ দিন বয়সে গোল করে স্পেন জাতীয় দলের ইতিহাসে সবচেয়ে কম বয়সে গোল করার ৯৫ বছর আগে গড়া এক রেকর্ড ভেঙেছেন ফাতি।

ফাতি এর আগে চ্যাম্পিয়নস লিগের ইতিহাসে সবচেয়ে কম বয়সে গোল করার রেকর্ডও ভেঙেছিলেন। শুধু কি তাই, বার্সার জার্সিতে সবচেয়ে কম বয়সে লা লিগায় গোল পাওয়ার রেকর্ডও তার দখলে। সেই সঙ্গে ন্যাশনস

লিগের ইতিহাসে সবচেয়ে কম বয়সী খেলোয়াড় হিসেবে একাদশে সুযোগ পাওয়ার কীর্তিও এখন তার। ম্যাচে ২০ গজ দূর থেকে পাওয়া গোলটি আবার স্পেনের জার্সিতে একাদশে সুযোগ পাওয়ার পর তার প্রথম গোল।

ম্যাচের প্রথম গোলটিতেও ফাতির ভূমিকা ছিল। ফাউলের শিকার শিকার হয়ে পেনাল্টির সুযোগ তিনিই পাইয়ে দিয়েছিলেন, যা থেকে গোল করেন রামোস। এদিকে দুই গোল করা রামোস রীতিমত ধারাবাহিকতার দারুণ উদাহরণ স্থাপন করেছেন। সর্বশেষ ১৫ ম্যাচে ১০ গোল করেছেন তিনি।

৩৪ বছর বয়সী রামোস ডিফেন্ডার হয়েও স্পেনের জার্সিতে সর্বোচ্চ
(২৩) গোলের মালিক হয়েছেন। স্পেনের জার্সিতে সর্বোচ্চ গোলের রেকর্ডেও তিনি কিংবদন্তি আলফ্রেদো দি স্তেফানোর রেকর্ডে ভাগ বসিয়েছেন। পেনাল্টি থেকে গোল করার রেকর্ডেও নিজেকে অনন্য করে তুলেছেন রামোস। এই নিয়ে টানা সপ্তম ও দেশের হয়ে সর্বশেষ ১০ ম্যাচের ৮টিতেই পেনাল্টি থেকে গোল করলেন তিনি।

গিনি-বিসাউইয়ে জন্মগ্রহণকারী ফাতি (মাত্র ৬ বছর বয়সে সেভিয়ায় পাড়ি জমান) এর আগে জার্মানির সঙ্গে ১-১ গোলে ড্র ম্যাচে স্পেনের জার্সিতে ৮৪ বছরের মধ্যে সবচেয়ে কম বয়সে অভিষেক হওয়ার রেকর্ড গড়েন। আর এক ম্যাচ পরেই তিনি ১৯২৫ সালে সুইজারল্যান্ডের বিপক্ষে ১৮ বছর ৩৪৪ মাস বয়সে হুয়ান এরাজকুইনের গড়া রেকর্ড ভেঙে দিলেন।

এদিকে ইউক্রেনের বিপক্ষে স্পেন দলের আরেক নতুন মুখ ফেরান রোরেস দ্বিতীয়ার্ধে ইউক্রেনের কফিনে শেষ পেরেক ঠুকে দেন। ফলে গ্রুপ-৪ থেকে ২ ম্যাচে ৪ পয়েন্ট নিয়ে শীর্ষ উঠে গেল স্পেন। সমান ম্যাচে ৩ পয়েন্ট নিয়ে দুইয়ে ইউক্রেন। ২ পয়েন্ট নিয়ে তিনে জার্মানি।